# জুলাইয়ের নৃশংসতার বিচারই সরকারের প্রধান লক্ষ্য: প্রেস সচিব




সংগৃহীত ছবি

জুলাইয়ের নৃশংস হামলায় জড়িতদের ফিরিয়ে এনে বিচার নিশ্চিত করাই এখন সরকারের প্রধান অগ্রাধিকার এ কথা জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তার ভাষায়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ইতোমধ্যেই প্রমাণিত হয়েছে সেই সময়কার ফ্যাসিস্ট সরকারের গণহত্যার ভয়াবহতা।

শুক্রবার (৫ ডিসেম্বর) সকালে মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করতে গিয়ে তিনি এসব মন্তব্য করেন।

তারেক রহমানের দেশে ফেরার প্রসঙ্গে তিনি বলেন, সরকারের পক্ষ থেকে কোনো প্রতিবন্ধকতা নেই; তিনি চাইলে যে কোনো সময় দেশে ফিরতে পারবেন। এটি সম্পূর্ণ তার ব্যক্তিগত সিদ্ধান্ত ও তার দলের বিষয় বলেও উল্লেখ করেন প্রেস সচিব।

‘মাইনাস ফোর ফর্মুলা’ নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, এ বিষয়ে যারা কথা বলছেন তারা আসলে স্বৈরাচারী শক্তির সুরে কথা বলছেন। সরকার কখনো কাউকে মাইনাস করার উদ্যোগ নেয়নি দাবি করে তিনি বলেন—যিনি আজ রাজনৈতিক মাঠে নেই, তিনি নিজের কর্মের কারণেই সেই অবস্থায় পৌঁছেছেন।

প্রেস সচিব আরও জানান, দেশে একটি অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনই সরকারের মূল লক্ষ্য। আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে সকল রাজনৈতিক দলের অংশগ্রহণে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন ইতোমধ্যে সব দলের সঙ্গে সংলাপ সম্পন্ন করেছে। একইসঙ্গে অন্তর্বর্তী সরকারের লক্ষ্যও দেশের শান্তি রক্ষা ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করা বলে তিনি যোগ করেন।